

বর্তমান

25 June, 2009

দুরূহ খোরাসিক সার্জারি করে জোড়া হল ফুসফুসের ফুটো

মিজোরামের বায়াকচুংনুঙ্গা বঙ্গার। তার টিবি হয়েছিল। এখন আর টিবি দুরারোগ্য নয়। ওষুধ খেলেই সেরে যায়। কিন্তু তাঁর ক্ষেত্রে সারল না। তার ওপর আনকনট্রোলড ডায়াবেটিস। একেবারে শয্যাশায়ী হয়ে পড়লেন। দেখা গেল, তাঁর ডান দিকের চেষ্টে প্রচুর পুঁজ জমেছে। বিপদ বাড়ল যখন সেই পুঁজ ফুসফুসের দেওয়াল ফুটো করে ঢুকে এল ভেতরে।। জ্বর। বুকে ভীষণ ব্যথা। নড়াচড়া করলেই প্রচণ্ড কাশি। চিৎ হয়ে শুতে গেলে অবস্থা হয়ে উঠত আরও অসহনীয়।

ডায়াবেটিস নিয়ন্ত্রণে না থাকায় এমনিতেই তাঁর ক্ষেত্রে ওষুধ ঠিকঠাক কাজ করছিল না। তার ওপর এ হাসপাতাল ও হাসপাতাল ঘুরে রোগটাকে আরও পাকিয়ে নিয়ে তিনি এলেন ঢাকুরিয়ার আমরি হাসপাতালে। তার ওপর আবার তাঁর ফুসফুসে ফুটো। কার্ডিওথোরাসিক বিভাগে শুরু হল তাঁর চিকিৎসা। মেডিকেল টিম তৈরি হল। তাতে ছিলেন কার্ডিওথোরাসিক সার্জেন ডাঃ সিদ্ধার্থ মুখোপাধ্যায়, ডাঃ সুস্মিত ভট্টাচার্য, অ্যানাস্থেটিস্ট ডাঃ অশোক ভার্মা, প্লাস্টিক সার্জেন ডাঃ অরিন্দম সরকার। অপারেশন করার সিদ্ধান্ত নেওয়া হল। প্রথম ধাপে ল্যাটিসিমাস ডরসাই নামে একটি মাসলের ফ্ল্যাপ দিয়ে ফুসফুসের ফুটো বন্ধ করে বায়োলজিকাল থু দিয়ে আটকে দেওয়া হল। বিরাট অপারেশন—থোরাসোপ্লাস্টি।

দুদিন বাদে হল দ্বিতীয় অপারেশন। ব্রঙ্কোস্কোপিক সার্জারি। ব্রঙ্কোস্কোপির সাহায্যে ফুসফুসের ছাঁদা হয়ে যাওয়া ব্রঙ্কাইগুলো বায়োলজিকাল থু দিয়ে জুড়ে দেওয়া হল। প্রাক্তন বঙ্গার বায়াকচুংনুঙ্গা এখন সম্পূর্ণ সুস্থ।